



# আঞ্চলিক পাসপোর্ট অফিস, ফরিদপুর।

## সিটিজেন চার্টার

“পাসপোর্ট নাগরিক অধিকার, সার্বিক সেবাই অঙ্গীকার।”

### সতর্কতা

- আবেদনপত্রে অবশ্যই সঠিক তথ্য প্রদান করতে হবে।
- আবেদনপত্রে কোন মিথ্যা তথ্য দিয়ে থাকলে আপনি আইনতঃ দণ্ডনীয় হবেন।
- নিজের/পিতার/মাতার নাম, জন্ম তারিখ ইত্যাদির ক্ষেত্রে তথ্য পরিবর্তন করা যাবে না।
- কোন অবস্থায় ই-পাসপোর্ট ফি ব্যাংকে জমা বাদে অতিরিক্ত কোন অর্থ লেনদেন করা যাবে না।
- ফরম পূরণ ও ব্যাংকে টাকা জমাদানের সময় নামের বানানে কোন ডট (.) / হাইফেন (-) / কমা (,) / কোলন (: ) ইত্যাদি ব্যবহার করা যাবে না (BRC/NID তে থাকলেও)।
- শিক্ষাগত বা চাকুরীসূত্রে প্রাপ্ত পদবীসমূহ (যেমন- ডাক্তার, ইঞ্জিনিয়ার, ডক্টর, পিএইচডি, এ্যাডভোকেট ইত্যাদি নামের অংশ হিসাবে পরিগণিত হবে না।
- আবেদনকারীর পিতা, মাতা, স্বামী/স্ত্রী মৃত হলেও তার/তাদের নামের পূর্বে ‘মৃত/মরহুম/লেট (Late) লেখা যাবে না।
- আপনার অসম্পূর্ণ আবেদনের দায় আপনাকে নিতে হবে।
- রজিন জামা কাপড় পড়া আবশ্যিক (সাদা অথবা হালকা রংয়ের জামা কাপড় পরিহার করুন)।
- নামের একাধিক অংশ থাকলে ফরমের ১৪নং কলাম অবশ্যই পূরণ করতে হবে।

### ই-পাসপোর্ট ফি

- ই-পাসপোর্ট আবেদনের পূর্বে পাসপোর্ট ফি পরিশোধ করতে হবে।
- পাসপোর্ট ফি অনলাইনে পেমেন্ট করা যাবে। অনলাইনে পেমেন্ট ছাড়াও ট্রাস্ট ব্যাংক, ওয়ান ব্যাংক, প্রিমিয়ার ব্যাংক, ব্যাংক এশিয়া ও ঢাকা ব্যাংকের যেকোন শাখায় এবং সোনালী ব্যাংকের নির্ধারিত শাখায় ই-পাসপোর্ট ফি জমা দেওয়া যাবে। ই-পাসপোর্টের ফি অনলাইন ব্যাংক অবশ্যই এ চালানের মাধ্যমে হতে হবে।
- ই-পাসপোর্ট আবেদনের ফি-এর সাথে ১৫% ভ্যাট সংযোজিত।
- ১৮ বছরের নিম্ন এবং ৬৫ বছরের উর্ধ্ব বয়সী আবেদনকারীগণ কেবলমাত্র ৫ বছর মেয়াদী পাসপোর্ট পাবেন।

বিতরণের প্রকৃতি	সাধারণ			
	৪৮ পৃষ্ঠা		৬৪ পৃষ্ঠা	
	০৫ বছর	১০ বছর	০৫ বছর	১০ বছর
নিয়মিত	৪,০২৫	৫,৭৫০	৬,৩২৫	৮,০৫০
জরুরী	৬,৩২৫	৮,০৫০	৮,৬২৫	১০,৩৫০
অতিব জরুরী	৮,৬২৫	১০,৩৫০	১২,০৭৫	১৩,৮০০

বিশেষ দ্রষ্টব্য: সম্ভাব্য ডেলিভারী পাওয়ার সময়: সাধারণ পাসপোর্ট এর ক্ষেত্রে ২১ কর্মদিবস, জরুরী ১০ কর্মদিবস এবং অতীব জরুরী পাসপোর্ট ০২ কর্মদিবসে সরবরাহ করা হবে। (অতীব জরুরী পাসপোর্ট প্রাপ্তির লক্ষ্যে অফিস প্রধানের সাথে পরামর্শ করে আবেদন করতে অনুরোধ করা হলো।)

### নির্দেশনা

- [www.e-passport.gov.bd](http://www.e-passport.gov.bd) এই website-এ Online-এ e-passport এর আবেদন করতে হবে।
- তারকা চিহ্নিত ক্রমিক নম্বরগুলো অবশ্যই পূরণ করতে হবে।
- জাতীয় পরিচয়পত্র (NID) অথবা অনলাইন জন্ম-নিবন্ধন (BRC) সনদ অনুযায়ী আবেদনপত্র পূরণ করতে হবে।
- জাতীয় পরিচয়পত্র (NID) অথবা অনলাইন জন্ম-নিবন্ধন (BRC) সনদ নিম্নোক্ত বয়স অনুসারে দাখিল করতে হবে।  
ক) ১৮ বছরের নিম্নের হলে অনলাইন জন্ম নিবন্ধন (BRC) সনদ;  
খ) ১৮-২০ বছর হলে জাতীয় পরিচয়পত্র (NID) অথবা অনলাইন জন্ম নিবন্ধন (BRC) সনদ;  
গ) ২০ বছরের উর্ধ্ব হলে জাতীয় পরিচয়পত্র (NID) আবশ্যিক;
- অপ্রাপ্ত বয়স্ক (১৮ বছরের কম) আবেদনকারী যার জাতীয় পরিচয়পত্র (NID) নাই, তার পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।
- দণ্ডক/অভিভাবকত্ব গ্রহণের ক্ষেত্রে পাসপোর্টের আবেদনের সাথে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে জারিকৃত আদেশ দাখিল করতে হবে।
- প্রযোজ্য ক্ষেত্রে (GO)/ এনওসি (NOC) প্রত্যয়নপত্র/অবসরোত্তর ছুটির আদেশ (PRL Order) সংযোজন করতে হবে, যা ইস্যুকারী কর্তৃপক্ষের নিজ নিজ Website এ আপলোড থাকতে হবে।
- অতীব জরুরী পাসপোর্টের আবেদনের ক্ষেত্রে (নতুন ইস্যু) নিজ উদ্যোগে পুলিশ ক্লিয়ারেন্স সনদ সংগ্রহপূর্বক আবশ্যিকভাবে আবেদনের সাথে দাখিল করতে হবে (এই পাসপোর্ট কেবলমাত্র ঢাকা থেকে সংগ্রহ করতে হবে)।
- আবেদন বর্তমান ঠিকানা সংশ্লিষ্ট বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস/আঞ্চলিক পাসপোর্ট অফিসে দাখিল করতে হবে।
- আবেদনপত্র জমাদানের পর পাসপোর্ট বর্তমান অবস্থান অনুসন্ধানের জন্য ২৬৯৬৯ নম্বরে এস.এম.এস করুন (EPP 4106-000001234) অথবা ([www.e-passport.gov.bd](http://www.e-passport.gov.bd)) এই ওয়েবসাইটে যেতে হবে।

### ই-পাসপোর্ট আবেদনপত্র জমাদানে প্রয়োজনীয় কাগজপত্রাদি

- এপয়েন্টমেন্ট শিডিউলের প্রিন্ট কপি।
- অনলাইনে আবেদনকৃত ফরমের প্রিন্ট কপি।
- ফি জমা প্রদানের রসিদ (যদি থাকে)।
- মূল জাতীয় পরিচয়পত্র (NID)/ অনলাইন জন্ম নিবন্ধন (BRC) সনদ এবং তার ফটোকপি।
- অপ্রাপ্ত বয়স্ক (১৮ বছরের নিম্নে) আবেদনকারীদের ক্ষেত্রে পিতা-মাতার মূল জাতীয় পরিচয়পত্র (NID) সনদ এবং তার ফটোকপি।
- পূর্ববর্তী মূল এমআরপি পাসপোর্ট এবং পাসপোর্ট এর ডাটা পেইজ এর ফটোকপি (যদি থাকে)।
- ০৬ (ছয়) বছর বয়সের নিম্নের আবেদনের ক্ষেত্রে পাসপোর্ট সাইজ ও 3R সাইজের (সাদা ব্যাকগ্রাউন্ড) ম্যাট পেপারে ল্যাব প্রিন্টের রজিন ছবি দাখিল করতে হবে।
- প্রাসঙ্গিক টেকনিক্যাল সনদসমূহ (যেমন- ডাক্তার, ইঞ্জিনিয়ার, ড্রাইভার ইত্যাদি) আপলোড/সংযোজন করতে হবে।
- স্থায়ী ঠিকানা, বৈবাহিক অবস্থা, পেশা অথবা অন্যান্য তথ্যাদি পরিবর্তনের ক্ষেত্রে পরিবর্তিত তথ্য সংশ্লিষ্ট যাবতীয় দলিলাদি দাখিল করতে হবে।
- ১৫ (পনের) বছরের নিম্নে আবেদনকারীদের পিতা-মাতার ছবি অথবা বৈধ অভিভাবকের পাসপোর্ট সাইজের ছবি দাখিল করতে হবে।
- আপনার জন্য প্রযোজ্য সকল প্রয়োজনীয় কাগজপত্রাদির মূল কপি সঙ্গে আনতে হবে।

বিশেষ দ্রষ্টব্য: আপনার যেকোন ধরনের সমস্যা সমাধান কল্পে অফিস প্রধানের সাথে আলাপ অস্তে অফিস ত্যাগ করুন। আপনার যৌক্তিক মূল্যবান পরামর্শ সাদরে গৃহিত হইবে।  
অফিস প্রধানের মোবাইল নং- ০১৭৩৩-৩৯৩৩৪২